সংবাদ।

তারিখ ২৪/৭/৮৭
পৃষ্ঠা ... কলাম





এয়ার কমোডর সুলতান মাহমুদ

# এয়ার কমোডর সুলতান মাহমুদ বিমান বাহিনীর নয়া প্রধান নিযুক্ত, সদরুদ্দিনকে অবসর দান

গ্রুপ ক্যাপ্টেন সুলতান মাহমুদ বীর উত্তম এসিএসসি এয়ার কমোডর পদমর্যাদায় উন্নীত হয়েছেন ও বাংলাদেশ বিমান বাহিনীর প্রধান নিযুক্ত

(শেষ পৃ: ৭-এর ক: দ্র:)

## সুলতান মাহমুদ

(১ম পাতার পর)

হয়েছেন। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে গতকাল একথা জানানো হয়েছে।

মন্ত্রণালয়ের অন্য এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এয়ার ভাইস মার্শাল সদরুদ্দিন বীর প্রতীককে একই তারিখ থেকে অবসর দেয়া হয়েছে।

### সংক্ষিপ্ত জীবনী

এয়ার কমোডর সুলতান মাহমুদ বীর উত্তম ১৯৪৪ সনে নোয়াখালী জেলায় জন্মগ্রহণ করেন। তিনি জনাব নুরুল হুদার দ্বিতীয় পুত্র।

জনাব মাহমুদ সারগোদা পিএএফ পাবলিক স্কুল থেকে ১৯৫৯ সনে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হন। তিনি ১৯৬২ সনে পাকিস্তানের রিসালপুর বিমান বাহিনী একাডেমীর উড্ডয়ন শাখা থেকে স্নাতক ডিগ্রী লাভ করেন।

এয়ার কমোডর মাহমুদ বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে সক্রিয় অংশগ্রহণ করেন। মুক্তিযুদ্ধ চলাকালে তিনি তৎকালীন সেক্টর কমাণ্ডার পরলোকগত প্রেসিডেন্ট জিয়াউর রহমানের অধীনে ১নং সেক্টরে বীরত্বের সাথে লড়াই করেন। তিনি মুক্তিবাহিনীর প্রথমে বিমান বাহিনীকে নেতৃত্ব দান করেন। মুক্তিযুদ্ধে সাহসিকতাপূর্ণ অবদানের জন্য তাঁকে বীর উত্তম উপাধিতে ভূষিত করা হয়।

মার্কিন যুক্তরাষ্ট্রের এয়ার কমাণ্ড এণ্ড ষ্টাফ কলেজ, একাডেমিক ইন্সট্রাকটর স্কুল এবং সোভিয়েত ইউনিয়নের হেলিকপ্টার ট্রেনিং স্কুলের স্নাতক এয়ার কমোডর সুলতান মাহমুদ বিমান বাহিনীর বিভিন্ন স্কোয়াড্রন ও উইং-এর কমাণ্ডার হিসাবে দায়িত্ব পালন করেন।

খবর আইএসপিআর-এর প্রেস বিজ্ঞপ্তির।